

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০৫.৩৫.০৩৫.২০১৫- ৭৯৬

তারিখঃ ০৬/০৬/২০১৭

বিষয় : সিলেট জেলার ওসমানীনগর উপজেলা পরিষদের অস্থায়ী কার্যালয়ের বকেয়া বাসা ভাড়া পরিশোধের
প্রশাসনিক অনুমোদন।

সূত্র : জেলা প্রশাসক, সিলেট এর স্মারক নং-৪৪০; তারিখ : ১৬/০৫/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওসমানীনগর উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার নিমিত্ত অস্থায়ী (প্রাইভেট বাসা) কার্যালয়ের ভাড়া বাবদ বকেয়া ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পরিশোধের বিষয়টি বিবেচনার লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) বিবেচ্য ৬,৫০,০০০/- টাকার বকেয়া বিলের মধ্যে গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল সংযুক্ত ছিল কি-না ;
- (খ) এপ্রিল, ২০১৭ হতে বাড়ী ভাড়া ৫,০০০/- টাকা বৃদ্ধিতে অর্থাৎ মাসিক ৩৫,০০০/- টাকা প্রদানে (গ্যাস, পানি, বিদ্যুৎ) বিল সংযুক্ত রয়েছে কি-না ;
- (গ) রাজস্ব তহবিলের অর্থায়নে বাড়ী ভাড়া পরিশোধের বিষয়ে পরিষদ সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী ;
- (ঘ) বাড়ী ভাড়ার চুক্তির কপি ; এবং
- (ঙ) বিবেচ্য বাসা ভাড়ার সাথে উপজেলা পর্যায়ের অন্যান্য দপ্তরের ভাড়া সংযুক্ত রয়েছে কি-না, তা স্পষ্টীকরণসহ পুনঃ প্রস্তাব।

(লুৎফুন নাহার) ০৬/০৬/২০১৭

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক

সিলেট।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
২. উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনগর, সিলেট।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।